

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা- ১২১৫।

নং-বিইআরসি/প্রশাসন(ট্যারিফ)/২৬৭/২০১০/১৪৬১

তারিখ : জুন ১৪, ২০১০

বিষয় : বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন কর্তৃক প্রণীত খসড়া ট্যারিফ প্রবিধানমালার ওপর মতামত, পরামর্শ, আপত্তি, সংযোজন/সংশোধনের বিষয়ে অনুরোধ গণ-শুনানীতে অংশগ্রহণ প্রসঙ্গে।


- সূত্র : (১) কমিশনের সূত্র নং- বিইআরসি/পাওয়ার/ইডিটিআর/০২৮/১৩৪৬ ; তারিখ : ০১ জুন, ২০১০
(২) কমিশনের সূত্র নং- বিইআরসি/সং ৭৩/১৩৪০ ; তারিখ : ০১ জুন, ২০১০
(৩) কমিশনের গণ-বিজ্ঞপ্তির সূত্র নং- বিইআরসি/প্রশাসন (ট্যারিফ)/২৬৭/১৩৩২ ; তারিখ : ০১ জুন, ২০১০

উপর্যুক্ত বিষয় এবং সূত্রসমূহের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ইতোপূর্বে বিলিকৃত বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন কর্তৃক প্রণীত ৪ (চার) টি খসড়া ট্যারিফ প্রবিধানমালার ওপর মতামত, পরামর্শ, আপত্তি, সংযোজন/সংশোধনের বিষয়ে গণ-শুনানী কমিশনের মাননীয় চেয়ারম্যান জনাব সৈয়দ ইউসুফ হোসেনের সভাপতিত্বে নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী কমিশনের শুনানী কক্ষে অনুষ্ঠিত হবে।

ক্রমিক নং	শুনানীর বিষয়	তারিখ	সময়
১।	বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (প্রাকৃতিক গ্যাস সঞ্চালন ট্যারিফ) প্রবিধানমালা, ২০১০	জুন ২১, ২০১০	সকাল ১১.০০ টা
২।	বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (প্রাকৃতিক গ্যাস বিতরণ ট্যারিফ) প্রবিধানমালা, ২০১০		
৩।	বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিদ্যুৎ সঞ্চালন ট্যারিফ) প্রবিধানমালা, ২০১০	জুন ২২, ২০১০	সকাল ১১.০০ টা
৪।	বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিদ্যুৎ বিতরণ ট্যারিফ) প্রবিধানমালা, ২০১০		

২। উক্ত গণ-শুনানীতে আপনার মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ক্ষমতাপ্রাপ্ত উপযুক্ত প্রতিনিধি এবং বিশিষ্টবর্গের ক্ষেত্রে ব্যক্তি নিজে অংশগ্রহণের জন্যে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

৩। তাছাড়া উক্ত গণ-শুনানীতে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহকে আগামী জুন ১৭, ২০১০ তারিখের মধ্যে কমিশনে নাম তালিকাভুক্ত করার জন্যও অনুরোধ করা হলো।


(খুরশীদ আলম)
সচিব
ফোন : ৯১৪ ০১২৫।

বিতরণ (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়) :

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ৭। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।